

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

উপজেলা প্রকৌশলীর কার্যালয়

মণিরামপুর, যশোর।

www.lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.৪১৬১.০০০.১৮.০০৬.২৬-৪১৮

তারিখঃ- ১২/১০/২০২৬ খ্রিঃ

“নিয়োগ বিজ্ঞপ্তি”


স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় “পল্লী সড়ক রক্ষণাবেক্ষণ ও কর্মসংস্থান প্রকল্প (RRMEP)” এর অধীন অত্র দপ্তরে ইউনিয়ন ভিত্তিক সড়ক রক্ষণাবেক্ষণের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নারী কর্মী নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র যশোর জেলার মণিরামপুর উপজেলাধীন স্থায়ী বাসিন্দার নিকট হতে আগ্রহী প্রার্থীদের দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	উপজেলা	পদের নাম	সংখ্যা	বয়স	প্রার্থীর যোগ্যতা
০১	মণিরামপুর, যশোর	(আরআরএমই পি) নারী কর্মী	১৭০(একশত সত্তর) জন [ইউনিয়ন প্রতি ১০ (দশ) জন]	২৫-৪৫ বছর	সহায় সম্বলহীন দুঃস্থ, বিধবা, স্বামী পরিত্যক্তা, পরিবার প্রধান এবং শারীরিকভাবে কায়িকশ্রমে সক্ষম নারী প্রার্থী।

শর্তাবলী:

১. ১৪/১০/২০২৬ হতে ১৮/১০/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।
২. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ সচিবের নিকট ১৯/১০/২০২৬ বিকাল ৩:০০টার মধ্যে আবেদন পত্র জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র জমা নেওয়া হবে না।
৩. এনআইডি ফটোকপি, নাগরিক সনদের ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে (২ সেট)।
৪. বিধবা, স্বামী পরিত্যক্তা এবং পরিবার প্রধান হত দরিদ্র নারী যারা কায়িক শ্রমের মাধ্যমে জীবিকা অর্জন করেন, তারাই আবেদন করতে পারবেন।
৫. মালিকানা স্বত্ব জমির পরিমাণ ০.৫ একর (৫০ শতক) এর উপরে থাকতে পারবে না।
৬. আবেদনকারীগণকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী এবং নির্বাচিত সড়কের ২ (দুই) কিলোমিটারের মধ্যকার বাসিন্দা হতে হবে।
৭. পল্লী কর্মসংস্থান ও সড়ক রক্ষণাবেক্ষণ (আরআরএমপি ১ম, ২য়, ৩য় পর্যায়ের এবং বিগত এলসিএস নিয়োগপ্রাপ্ত কর্মীরা “পল্লী সড়ক রক্ষণাবেক্ষণ ও কর্মসংস্থান প্রকল্প (RRMEP)” প্রকল্পে নিয়োগ প্রাপ্তির যোগ্য হবেন না।
৮. আবেদনপত্রের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।
৯. নিযুক্ত নারী কর্মীগণ সপ্তাহে ৬(ছয়) দিন (সকাল ৮:০০ ঘটিকা থেকে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত) প্রতিদিন ৬ ঘণ্টা সড়ক রক্ষণাবেক্ষণ কাজ করতে হবে।
১০. নিযুক্ত নারী কর্মীগণ কাজের বিনিময়ে দৈনিক ৩০০ (তিনশত) টাকা হারে মজুরী পাবেন এবং উক্ত মজুরী হতে বাধ্যতামূলক ১০০ (একশত) টাকা হারে সঞ্চয়ী হিসাবে ব্যাংকে জমা হবে।
১১. আগ্রহী প্রার্থীদের নিকট হতে প্রাপ্ত আবেদন যাচাই বাছাই ক্রমে যোগ্য প্রার্থীদের লটারির মাধ্যমে নিয়োগ প্রদান করা হবে।
১২. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৩. যাচাই বাছাই শেষে যোগ্য প্রার্থীদের লটারির অনুষ্ঠানের সময়সূচী-

তারিখ	সময়	সকাল ০৯:৩০ ঘটিকা	দুপুর ১২:৩০ ঘটিকা	বিকাল ০৩:০০ ঘটিকা
২৫/১০/২০২৬		হরিহরনগর, মনোহরপুর, রোহিতা	ঝাঁপা, নেহালপুর, কাসিমনগর	খেদাপাড়া, খানপুর, মণিরামপুর
২৬/১০/২০২৬		মশ্বিনগর শ্যামকুড়, ভোজগাতী	চালুয়াহাটি, দুর্বাডাঙ্গা, ঢাকুরিয়া	কুলটিয়া, হরিদাসকাটি


12.10.26

(ইয়াকুব আলী)

উপজেলা প্রকৌশলী

মণিরামপুর, যশোর।

ফোন- ০১৭০৮-১৬১৪৮৫

ই-মেইল : ue.monirampur@lged.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পল্লী অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন/প্রকল্প মনিটরিং ও মূল্যায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, যশোর অঞ্চল, যশোর।
- ৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলাঃ যশোর।
- ৬। প্রকল্প পরিচালক, পল্লী সড়ক রক্ষণাবেক্ষণ ও কর্মসংস্থান প্রকল্প (RRMEP), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর।
- ৮। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কে বিজ্ঞপ্তি টি প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৯। কমিউনিটি অর্গানাইজার, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মণিরামপুর, যশোর।